

গ্রন্থাগারে বই পড়ি
আলোকিত মানুষ গড়ি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
পাঠকসেবা শাখা
শাহবাগ, ঢাকা
www.publiclibrary.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৮.১৮.১১

তারিখ: ১ মাঘ ১৪২৬

১৫ জানুয়ারি ২০২০

বিষয়: শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ উপলক্ষে রচনা, সুন্দর হাতের-লেখা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত গ্রুপে রচনা, সুন্দর হাতের-লেখা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা

ক্র.নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	রক্তঝরা একুশ ও বঙ্গবন্ধু	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	ভাষা আন্দোলন ও বঙ্গবন্ধু	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	একুশের চেতনায় বাংলাদেশ ও বঙ্গবন্ধু	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	ভাষা আন্দোলনে বঙ্গবন্ধুর অবদান	১৮০০

খ) সুন্দর হাতের-লেখা প্রতিযোগিতা

১। গ্রুপ-ক : তৃতীয়-পঞ্চম শ্রেণি

২। গ্রুপ-খ : ষষ্ঠ-অষ্টম শ্রেণি

৩। গ্রুপ-গ : নবম-দশম শ্রেণি

গ) চিত্রাংকন প্রতিযোগিতা

ক্র.নং.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত
২.	খ	অনূর্ধ্ব-১২ বছর	রক্তঝরা একুশ ও বঙ্গবন্ধু


রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা জমা দেয়ার শেষ তারিখ ১৯.০২.২০২০।

সুন্দর হাতের-লেখা ও চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগিতা সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগারে অনুষ্ঠিত হবে। সুন্দর হাতের-লেখা ও চিত্রাংকন

প্রতিযোগিতা সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগারে যথাক্রমে ১৮.০২.২০২০ ও ১৯.০২.২০২০ তারিখ বেলা ৩.০০ টায় অনুষ্ঠিত হবে।

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
৫. সুন্দর হাতের-লেখা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু প্রত্যেক প্রতিযোগীকে ১৭.০২.২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট গণগ্রন্থাগারে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নসহ জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজ/আর্ট পেপার ব্যতীত অন্য কোনো উপকরণ সরবরাহ করা হবে না।



১৫-১-২০২০

মোঃ আব্দুল মান্নান ইলিয়াস
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৬৭১২৩৪

ফ্যাক্স: ৫৮৬১১৭৭৫

ইমেইল: dg.dpl.2012@gmail.com

বিতরণ :


- ১) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-
উপপরিচালক/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান
(উপপরিচালক), (সকল)।
- ২) সিনিয়র লাইব্রেরিয়ান/ লাইব্রেরিয়ান/ সহকারী
পরিচালক, (সকল)
- ৩) গ্রন্থাগারিক, বঙ্গবন্ধু সমাধি সৌধ কমপ্লেক্স সরকারি
গণগ্রন্থাগার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ৪) সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা সরকারি
গণগ্রন্থাগার, বকশীগঞ্জ/দেওয়ানগঞ্জ, জামালপুর

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৮.১৮.১১/১

তারিখ: ১ মাঘ ১৪২৬
১৫ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার
অধিদপ্তর



১৫-১-২০২০

এ এইচ এম কামরুজ্জামান
লাইব্রেরিয়ান